

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২১, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আষাঢ়, ১৪২৩/২১ জুন, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আষাঢ়, ১৪২৩ মোতাবেক ২১ জুন, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

২০১৬ সনের ২৭ নং আইন

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ এর
সংশোধনের লক্ষ্যে প্রণীত আইন

যেহেতু নিম্ন-বর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৯ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (সংশোধন) আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১০৫৭৭)
মূল্য : টাকা ৪.০০

২। ১৯৯১ সনের ২৯ নং আইনের ধারা ৬ এর সংশোধন।—বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৯ নং আইন) এর ধারা ৬ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত “তিনজন” শব্দটির পরিবর্তে “চারজন” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর প্রান্তস্থিত “।” দাঁড়ি এর পরিবর্তে “:” কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা—

“তবে শর্ত থাকে যে, সার্বক্ষণিক সদস্যগণের মধ্যে দুইজন প্রতিষ্ঠানে কর্মরত প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাদের মধ্য হইতে জ্যেষ্ঠতা এবং যোগ্যতার ভিত্তিতে নিযুক্ত হইবেন।”।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।